উপজেলা পরিষদ
কিশোরগঞ্জ, নীলফামারী।

**বিষয় ঃ উপজেলা পরিষদের মাসিক সমন্বয় সভায় উপস্থিতি।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ২২/০৫/২০২৩খ্রিঃ তারিখ রোজ সোমবার, ১১.০০ ঘটিকায় উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে জনাব মোঃ আবুল কালাম বারী,চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কিশোরগঞ্জ, নীলফামারী- এর সভাপতিত্বে মে/'২০২৩ খ্রিঃ-এর মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় স্ব-স্ব দপ্তর এর কর্মপরিকল্পনা, বাস্তবায়ন ও অগ্রগতি সম্পর্কিত তথ্যসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হল।

উক্ত সভায় সকল সম্মানিত সদস্য এবং বিভাগীয় কর্মকর্তাগনকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্য বিষয়ঃ

০১। গত সভার সিদ্ধান্ত পাঠ ও অনুমোদন।
০২। বিভিন্ন বিভাগীয় কার্যক্রম প্রসঙ্গে আলোচনা।
০৩। বিবিধ।

( নূর-ই-আলম সিদ্দিকী)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী অফিসার
কিশোরগঞ্জ, নীলফামারী
ফোনঃ ০৫৫২৫-৫৬০০২
ই-মেইলঃ unokishoganjnilphamari@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কিশোরগঞ্জ, নীলফামারী।
unokishoganjnilphamari@mopa.gov.bd

স্মারক নং-০৫.৪৭.৭৩৪৫.০০১.০০১-২২৫৩৮

০৪ জ্যৈষ্ঠ, ১৪৩০ বঙ্গাব্দ
তারিখঃ ১৮ মে, ২০২৩ খ্রিষ্টাব্দ

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ-

০১। মাননীয় সংসদ সদস্য, নীলফামারী-০৪।
০২। জেলা প্রশাসক, নীলফামারী।
০৩। চেয়ারম্যান,উপজেলা পরিষদ,কিশোরগঞ্জ, নীলফামারী।
০৪। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ,কিশোরগঞ্জ, নীলফামারী।
০৫। চেয়ারম্যান,বড়ভিটা/পুটিমারী/নিতাই/বাহাগিলি/চাঁদখানা/কিশোরগঞ্জ/রনচন্ডি/গাড়াগ্রাম/মাগুড়া ইউ.পি, কিশোরগঞ্জ,নীলফামারী।
০৬। ..........................................................................................কিশোরগঞ্জ, নীলফামারী।
০৭। অফিস কপি।

উপজেলা নির্বাহী অফিসার
কিশোরগঞ্জ, নীলফামারী

# কিশোরগঞ্জ উপজেলা পরিষদের মে/২০২৩ মাসের মাসিক সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব শাহ্ মোঃ আবুল কালাম বারী
চেয়ারম্যান, উপজেলা পরিষদ,
কিশোরগঞ্জ, নীলফামারী।

স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, কিশোরগঞ্জ।
তারিখ : ২২ মে ২০২৩ খ্রিঃ
সময় : বেলা-১১.৩০ ঘটিকা।

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট ''ক'' ও 'খ' তে দেখানো হলো।

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি উপজেলা নির্বাহী অফিসারকে সভা পরিচালনার জন্য অনুরোধ জানান। সভাপতির অনুরোধক্রমে উপজেলা নির্বাহী অফিসার সভার প্রারম্ভে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। শুনানী অন্তে কোন সংশোধনী না থাকায় তা সর্ব সম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

বিভাগীয় আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত সমূহঃ

| ক্রঃ নং | বিভাগ/দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ে |
|---|---|---|---|---|
| ০১ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, অত্র উপজেলায় এ ১১১৬৫ হেক্টর জমিতে বোরো ধানের আবাদ হয়েছে ৯৬% কর্তন করা হয়েছে আবহাওয়া ভালো থাকায় কৃষকরা স্বস্তিতে ধান কর্তন করতে পেরেছে। ধানের বাম্পার ফলন এবং আবহাওয়া ভাল থাকায় কৃষকরা বেশ খুশি। এছাড়া মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষনা" এক ইঞ্চি জমিও যেন পতিত না থাকে" বাস্তবায়নে মন্থনা থেকে গোকার বাজার রাস্তার ধারে মাননীয় জেলা প্রশাসক, নীলফামারী এর উপস্থিতিতে ১০০০ (এক হাজার) সজিনার ডাল রোপন করা হয় এবং উপজেলা পরিষদ প্রাঙ্গন পতিত জমিতে সবজি চাষের জন্য চারা রোপন করা হয়। দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা মোতাবেক এক ইঞ্চি জমিও যেন পতিত না থাকে" সকলের সহযোগীতা প্রয়োজন। প্রান্তিক কৃষকদেরকে পরামর্শ প্রদান কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা কৃ অফিসার |
| ০২ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা সভায় জানান যে, এই মুহূর্তে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স সকল সেবা চলমান রয়েছে। অপারেশন থিয়েটার চালু রয়েছে। গর্ভবতী ও প্রসূতি সেবা চলমান রয়েছে। বহিঃবিভাগ ও অন্তঃবিভাগ এর রোগী অনেকটাই বৃদ্ধি পেয়েছে। ইনডোরে বেড অকুপেন্সী রেট ১১২% (এপ্রিলে) , বহিঃবিভাগে রোগীর সংখ্যা ৭৭০০ জন। হাসপাতালে এইচইডি থেকে মেরামতের কাজ চলছে। এছাড়াও আমাদের এনসিডি কর্নার,ভিশন কর্নার, অটোমেশন কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। ছাড়া স্বাস্থ্য বিভাগের অন্যান্য কার্যক্রম গুলো স্বাভাবিক ভাবেই চলছে। অপারেশন থিয়েটার চালু রয়েছে। দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সরকারী নির্দেশনা মোতাবেক দপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা স্বা ও পঃ পঃ অফিসার, সংশ্লিষ্ট সক |
| ০৩ | প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) ২০২২-২৩ (১ম পর্যায়ে) বাস্তবায়ন চলমান রয়েছে ও ২য় পর্যায়ের প্রকল্পের কার্যক্রম বাস্তবায়নাধীন রয়েছে। মুজিব শতবর্ষে ভূমিহীন ও গৃহহীন পরিবারের জন্য নির্মিত গৃহসমূহের সংযোগ ও অভ্যন্তরীন সড়ক উন্নয়ন প্রকল্প এর আওতায় ডিপিপিতে অন্তর্ভুক্তির জন্য ০২ (দুই) টি গ্রাম সড়ক খ শ্রেণীর ( দুই কিঃমিঃ এর অধিক) ও ০৪ টি গ্রাম সড়ক খ শ্রেণীর (২ কিঃমিঃ এর কম) আইডি ভুক্ত করা প্রয়োজন। অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | ১। ২০২২-২৩ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী এডিপি চলমান।<br>২। প্রস্তাবিত রাস্তাগুলি আইডি ভুক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) উপজেলা প্রকৌশলী ও সংশ্লিষ্ট সক |
| ০৪ | মৎস্য অফিস | উপজেলা মৎস্য কর্মকর্তার পক্ষে প্রতিনিধি সভায় জানান যে,বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। একটি প্রদর্শনী খামার স্থাপন করা হয়েছে। সেখানে দেশীয় প্রজাতির মাছ গুলশার প্রদর্শনী দেয়া হয়েছে। এছাড়া ০৩ টি বিল নার্সারী স্থাপন করা হয়েছে। বিভিন্ন জায়গায় ও পুকুরে পরিদর্শন করে পরামর্শ প্রদান করা হচ্ছে। অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | সরকারী নীতিমালা অনুযায়ী যথাসময়ে নির্ধারিত কার্যক্রম সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা মৎ অফিসার ও সংশ্লিষ্ট |
| ০৫ | সমাজ সেবা | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা সভায় জানান যে, সমাজ কল্যান পরিষদের ৫০০০০/-(পঞ্চাশ হাজার) টাকার অনুদানের অর্থ ১০ জন অসহায় ও দুস্থ ব্যক্তিকে ৫০০০/-(পাঁচ হাজার) টাকা করে চিকিৎসা সহায়তা হিসেবে প্রদান করা হয়। প্রতিবন্ধি ব্যক্তির অধিকার ও সুরক্ষা | সরকারী নির্দেশনা মোতাবেক দপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট সক |

| | | | | |
|---|---|---|---|---|
| | | কমিটি মাধ্যমে বিভিন্ন ইউনিয়নে প্রতিবন্ধি নির্বাচন কার্যক্রম চলমান আছে। ক্যান্সার, কিডনি, স্ট্রোকে প্যারালাইজড, জন্মগত হৃদরোগ, থ্যালাসেমিয়া, লিভার সিরোসিস এর ৬১ টি আবেদন যাচাই-বাচাই করে জেলা সমাজ সেবা কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। | | |
| ০৬ | উপজেলা শিক্ষা অফিস | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, প্রাথমিক শিক্ষার সকল কার্যক্রম স্বাভাবিক রয়েছে। স্লিপ এর বরাদ্দের ২য় পর্যায়ের অর্থ বিদ্যালয় পর্যায়ে ছাড় দেয়া হয়েছে। শিক্ষকগণের আইসিটি প্রশিক্ষণ জেলা পিটিআইতে চলমান রয়েছে। গাড়াগ্রাম দোলাপাড়া সঃপ্রাঃবি তে কোন পাকা ল্যাট্রিন নেই। মোবাইল এ্যাপস এর মাধ্যমে ছাত্র-ছাত্রীর উপস্থিতি-অনুপস্থিতির কার্যক্রম চলমান রয়েছে। | সরকারী নীতিমালা অনুযায়ী যথাসময়ে নির্ধারিত কার্যক্রম সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার |
| ০৭ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, জাতীয় শিক্ষা সপ্তাহ ২০২৩ এর ফলাফলে জেলা পর্যায়ে কারিগরি পর্যায়ে প্রতিষ্ঠান প্রধান্ হিসেবে নির্বাচিত হয়েছেন জনাব সুজাউদ্দৌলা লিপটন, অধ্যক্ষ কিশোরগঞ্জ কারিগরি মহিলা কলেজ এবং প্রতিষ্ঠান হিসেবে নির্বাচিত হয়েছে রনচণ্ডি বসুনিয়া পাড়া বালিকা দাখিল মাদ্রাসা, অন্যান্য বিষয়ে এ উপজেলার শিক্ষার্থীরা জেলা পর্যায়ে প্রতিযোগীতায় নির্বাচিত হয়েছেন। চলতি মাসে এসএসসি, দাখিল,কারিগরি সমমান পরীক্ষা/২০২৩ শেষ হবে। | সরকারী নীতিমালা অনুযায়ী যথাসময়ে নির্ধারিত কার্যক্রম সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়। | মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল। |
| ০৮ | উপজেলা প্রানী সম্পদ অফিস | উপজেলা প্রানী সম্পদ কর্মকর্তা সভায় জানান যে, সরকারি ভাবে কৃত্রিম প্রজনন সম্প্রসরণ (এপিএ) অনুযায়ী ১১০%,গবাদি পশুর চিকিৎসা প্রদান ৮৫.২৩%, হাঁস মুরগী চিকিৎসার প্রদান ৮৮.৭৮%, খামারী প্রশিক্ষণ প্রদান ৯৪.৮১%, পোষাপ্রানীর চিকিৎসা প্রদান ৯৪.১২%, দুধ উৎপাদন ৮৪.৬১%, মাংস উৎপাদন ৮৩.৫৫%, ডিম উৎপাদন ১০৩.১২% এ ছাড়াও অত্র অফিসের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | সরকারের লক্ষ্য বাস্তবায়নে কাজ করার জন্য পরার্মশ দেয় হয়। | উপজেলা প্রানী সম্পদ কর্মকর্তা ও সংশিষ্ট সকল। |
| ০৯ | আনসার ও ভিডিপি | উপজেলা আনসার ভিডিপি অফিসার সভায় জানান যে, উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয় কিশোরগঞ্জ নীলফামারী এ কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। আত্বকর্মসংস্থান সৃষ্টি লক্ষ্যে আনসার ও ভিডিপি সদস্যদের বিভিন্ন প্রশিক্ষনের কার্যক্রম চলমান আছে। অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সরকারী নির্দেশনা মোতাবেক কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা আনসার ভিডিপি |
| ১০ | যুব উন্নয়ন অফিস | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, চলতি অর্থবছরের প্রশিক্ষণ লক্ষ্যোমাত্রা অনুযায়ী প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | সরকারী নীতিমালা অনুযায়ী যথাসময়ে নির্ধারিত কার্যক্রম সম্পন্ন করার জন্য অনুরোধ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১১ | মহিলা বিষয়ক অফিস | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, VWB কার্যক্রমের আওতায় ০৮ টি ইউনিয়নের কার্ড বিতরণ সম্পন্ন হয়েছে। মা ও শিশু কাযক্রমের আওতায় জুলাই/২২ হতে ডিসেম্বর/২২ এবং জানুয়ারী/২৩ ও ফেব্রুয়ারি/২৩ মাসের উপকারভোগীদের অনলাইন করন সম্পন্ন হয়েছে। | সরকারী নির্দেশনা মোতাবেক কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | মহিলা বিষয়ক কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল |
| ১২ | খাদ্য অফিস | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা সভায় জানান যে, খাদ্য বান্ধব কর্মসূচীর বাদ পড়া ভোক্তার যাচাইর কাজ শুরু হয়েছে। মৃত ব্যক্তির বিষয়ে খাদ্য বান্ধব কর্মসূচীর সফটওয়ারে অপলোড করতে হবে। ভিজিডি,ভিজিএফ বিলি-বিতরন সম্পন্ন হয়েছে। অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | সরকারী নীতিমালা অনুযায়ী যথাসময়ে নির্ধারিত কার্যক্রম সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ও সংশ্লিষ্ট সকল। |
| ১৩ | পরিবার পরিকল্পনা | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, সেবা কার্যক্রম খাবার বড়িসুখী-১৫৭৬২ চক্র, খাবার বড়ি আপন ৫৮৫ চক্র, কনডম ৫৪০০ পিস, ইনজেকটাবলস ১৩৯২, ইমপ্লান ১৩ জন, আই,ইউ,ডি ২১ জন, স্থায়ী পদ্ধতি পুরুষ ০০, মহিলা ০৬ জন, মোট সক্ষম দম্পতি ৫৪,৭১৭ জন, মোটগ্রহন কারী ৪৩,৫৩৮ জন, সিএআর ৭৯.৫৭%। মোট গর্ভবর্তী ১৭০৮ জন, নরমাল ডেলিভারী ১৬১ জন, সিজারিয়ান ৮০ জন, প্রাতিষ্ঠানিক ডেলিভারী ৯২ জন। | সরকারী নির্দেশনা মোতাবেক কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল |
| ১৪ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ক্ষুদ্র প্রান্তীক দরিদ্র জনগোষ্ঠীকে সংগঠিত করে আনুষ্ঠানিক ও আনুষ্ঠানিক দল সমিতির মাধ্যমে সদস্যদের পুঁজি গঠনে কাজ হচ্ছে। প্রশিক্ষণ আয়বর্ধনমূলক কর্মকান্ড দিয়ে থাকে। কৃষি উৎপাদন বৃদ্ধি ও কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে টেকসই পল্লী উন্নয়ন নিশ্চিত করা। ঋণ বিতরণ ৬২.০৪ লক্ষ্য টাকা আদায় ৫২,১৪ লক্ষ্য টাকা ও সঞ্চয় আদায় ০,২৭ লক্ষ্য টাকা। | বিভাগীয় কাজ সুষ্ঠভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়। | পল্লী উন্নয়ন কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল |

| | | | | |
|---|---|---|---|---|
| | পল্লী দারিদ্র বিমোচন অফিস | উপজেলা পল্লী দারিদ্র কর্মকর্তা সভায় জানান যে, চলতি অর্থ বছরে এপ্রিল/২৩ মাস পর্যন্ত - ক্ষুদ্র ঋণ বিতরণ – ২০০.০৯ লক্ষ টাকা, নারী উদোক্তা ৬৫.৫০ লক্ষ টাকা, ক্ষুদ্র উদ্যোক্তা ৮৩,০০ লক্ষ টাকা মোট আদায় ৩১.২০ লক্ষ টাকা ফেরত ৩০.৪০ লক্ষ টাকা অন্যান্য কাযক্রম স্বাভাবিক চলমান রয়েছে। | সরকারী নির্দেশনা মোতাবেক কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট সকল। |
| ১৬ | জনস্বাস্থ্য প্রকৌশল অফিস | উপ-সহঃ প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক অত্র উপজেলায় ২০২১-২০২২ অর্থবছরে ২৩৪ টি অগভীর নলকুপ কাজ চলমান । আশ্রয়ন প্রকল্পে ৩৫ টি অগভীর নলকুপের কাজ চলমান আছে। অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | সরকারী নির্দেশনা মোতাবেক কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | উপ-সহঃ প্রকৌশলী (জনস্বাস্থ্য) |
| ১৭ | বিবিধ-০১ | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উপজেলা পরিষদের ২০২৩-২৪ অর্থবছরের বাজেট অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হলো। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। উপজেলা রাজস্ব তহবিল অপ্রত্যাশিত খাতের অবশিষ্ট ২০০,০০০/-(দুই লক্ষ) টাকা দুর্যোগ সহায়তায় উত্তোলনের প্রস্তাব করেন। উপজেলা পরিষদের বাজেট প্রনয়ন,বার্ষিক পরিকল্পনা, সিটিজেন চার্টার ও উপজেলা পরিষদের খাম ব্যবহারে প্রকাশনা বাবদ ১০০,০০০/-(এক লক্ষ) ব্যয় করা যেতে পারে। | ১। উপস্থাপিত ২০২৩-২৪ অর্থবছরের বাজেট সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।<br>২। অপ্রত্যাশিত খাতের ২০০,০০০/-(দুই লক্ষ) টাকা ব্যয়ে সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।<br>৩। উপজেলা পরিষদের প্রকাশনা বাবদ ১০০,০০০/-(এক লক্ষ) টাকা ব্যয়ের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল। |
| | উপজেলা রাজস্ব তহবিল | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, ইন্টারনেট বিল ৬২০০/-(ছয় হাজার দুইশত) টাকা, ইউএনও বাসভবন ও অফিসের বৈদ্যুতিক সরঞ্জামদি ক্রয় ১৭,৬৩০/-(সতরো হাজার ছয়শত ত্রিশ) টাকা, যুব উন্নয়ন অফিসের পানির লাইন মেরামত ৭০০/-(সাতশত) টাকা। রাস্তায় বিট স্থাপন ২৮০০/-(দুই হাজার আটশত) টাকা। উপজেলা চেয়ারম্যান ও ভাইস- চেয়ারম্যানদ্বয়ের চলতি অর্থবছরের ভ্রমণ ভাতা বিল দাখিল করেছেন। অনুমোদনের জন্য প্রস্তাব করা হয়। | ব্যয়সমূহ অত্যাবশ্যকীয় ও যৌক্তিক হওয়ায় সমন্বয়ের জন্য অনুমোদন দেয়া হয়। | সংশ্লিষ্ট সকল। |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

(শাহ্ মোঃ আবুল কালাম বারী)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
কিশোরগঞ্জ,নীলফামারী।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কিশোরগঞ্জ, নীলফামারী।
unokishoganjnilphamari@mopa.gov.bd

স্মারক নং-০৫.৪৭.৭৩৪৫.০০১.৪৬.০৫১.২২- ৫৫৬ তারিখঃ ২২/০৫/২০২৩খ্রিঃ।

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। মাননীয় জাতীয় সংসদ সদস্য, নীলফামারী-০৪
০৩। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৫। জেলা প্রশাসক, নীলফামারী।
০৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কিশোরগঞ্জ, নীলফামারী।
০৭। ভাইস চেয়ারম্যান (পুরুষ/মহিলা), উপজেলা পরিষদ, কিশোরগঞ্জ, নীলফামারী।
০৮। উপজেলা ................................................ কর্মকর্তা, কিশোরগঞ্জ, নীলফামারী।
০৯। চেয়ারম্যান ................................................ (সকল) ইউপি, কিশোরগঞ্জ, নীলফামারী।

(নুর-ই-আলম সিদ্দিকী)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কিশোরগঞ্জ, নীলফামারী।

## কিশোরগঞ্জ উপজেলা পরিষদের সাধারণ সভার হাজিরা সীট।

তারিখঃ ২২/০৫/২০২৩ খ্রি:

| ক্রমিক নং | নাম ও পদবি | স্বাক্ষর | স্বাক্ষর (পক্ষে প্রতিনিধি) | (অনুপস্থিতির মন্তব্য) |
|---|---|---|---|---|
| ০১ | জনাব আলহাজ্ব আদেলুর রহমান<br>মাননীয় সংসদ সদস্য<br>নীলফামারী-০৪ | | Rezaul Alam | |
| ০২ | মাননীয় মহিলা সংসদ সদস্য<br>নীলফামারী | | | |
| ০৩ | জনাব শাহ মোঃ আবুল কালাম বারী<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ০৪ | উপজেলা নির্বাহী অফিসার<br>কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ০৫ | জনাব রবিউল ইসলাম (বাবু)<br>ভাইস চেয়ারম্যান, উপঃ পরিষদ<br>কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ০৬ | জনাব মোছাঃ শাপলা বেগম<br>মহিলা ভাইস চোরম্যান<br>কিশোরগঞ্জ,নীলফামারী। | [signature] | | |
| ০৭ | চেয়ারম্যান<br>বড়ভিটা ইউপি<br>কিশোরগঞ্জ,নীলফামারী। | [signature] ২২/০৫/২৩ | | |
| ০৮ | চেয়ারম্যান<br>পুটিমারী ইউপি<br>কিশোরগঞ্জ,নীলফামারী। | [signature] | | |
| ০৯ | চেয়ারম্যান<br>নিতাই ইউপি<br>কিশোরগঞ্জ,নীলফামারী। | [signature] | | |

| | | স্বাক্ষর | স্বাক্ষর (পক্ষে প্রতিনিধি) | (অনুপস্থিতির মন্তব্য) |
|---|---|---|---|---|
| ১০ | চেয়ারম্যান<br>বাহাগিলি ইউপি<br>কিশোরগঞ্জ, নীলফামারী। | | | |
| ১১ | চেয়ারম্যান<br>চাঁদখানা ইউপি ,কিশোরগঞ্জ, | | | |
| ১২ | চেয়ারম্যান<br>কিশোরগঞ্জ ইউপি<br>কিশোরগঞ্জ, নীলফামারী। | | | |
| ১৩ | চেয়ারম্যান<br>রণচন্ডী ইউপি<br>কিশোরগঞ্জ, নীলফামারী। | | | |
| ১৪ | চেয়ারম্যান<br>গাড়াগ্রাম ইউপি<br>কিশোরগঞ্জ, নীলফামারী। | | | |
| ১৫ | চেয়ারম্যান<br>মাগুড়া ইউপি<br>কিশোরগঞ্জ, নীলফামারী। | | | |
| ১৬ | উপজেলা স্বাস্থ্য ও প.প কর্মকর্তা<br>কিশোরগঞ্জ,নীলফামারী। | ২২/৫/২৩ | | |
| ১৭ | উপজেলা কৃষি অফিসার<br>কিশোরগঞ্জ,নীলফামারী। | ২২/৫/২৩ | | |
| ১৮ | উপজেলা প্রকৌশলী<br>কিশোরগঞ্জ,নীলফামারী। | ২২/০৫/২০২৩ | | |
| ১৯ | উপজেলা প্রাণি সম্পদ অফিসার<br>কিশোরগঞ্জ,নীলফামারী। | ২২/০৫/২৩ | | |
| ২০ | উপজেলা মৎস্য অফিসার<br>কিশোরগঞ্জ,নীলফামারী। | 22/05/23 | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ২১ | উপজেলা শিক্ষা অফিসার<br>কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ২২ | উপজেলা সমাজসেবা অফিসার<br>কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ২৩ | উপজেলা মাধ্যমিক শিক্ষা<br>অফিসার,কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ২৪ | উপজেলা পরিবার পরিকল্পনা<br>অফিসার কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ২৫ | উপজেলা যুব উন্নয়ন অফিসার<br>কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ২৬ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার<br>কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ২৭ | উপজেলা সমবায় অফিসার<br>কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ২৮ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার<br>কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ২৯ | উপজেলা মহিলা বিষয়ক<br>অফিসার,কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ৩০ | উপজেলা আনসার ও ভিডিপি<br>অফিসার<br>কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ৩১ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক<br>কিশোরগঞ্জ,নীলফামারী | | | |
| ৩২ | উপজেলা দারিদ্র বিমোচন অফিসার<br>কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ৩৩ | উপ বিভাগীয় প্রকৌশলী, পানি<br>উন্নয়ন বোর্ড,<br>কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ৩৪ | উপ সহকারী প্রকৌশলী<br>জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর<br>কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩৫ | উপজেলা পরিসংখ্যান অফিসার<br>কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ৩৬ | ফরেষ্টার, সামাজিক বনায়ন ও<br>নার্সারী কেন্দ্র<br>কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ৩৭ | উপজেলা পাট উন্নয়ন<br>কর্মকর্তা<br>কিশোরগঞ্জ, নীলফামারী | | | |
| ৩৮ | তথ্য আপা | | | |
| ৩৯ | মো: আতিকুর রহমান<br>CDF - UCDP, LGD | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |